গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও
পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩-১৭৭

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২ / ০৭ এপ্রিল ২০২৬

**বিষয়: সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে 'ভূমিসেবা সহায়তা কেন্দ্র' স্থাপনের নির্দেশনা।**

আধুনিক ও তথ্যপ্রযুক্তি-নির্ভর ভূমি ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে ভূমি মন্ত্রণালয় নিরন্তর কাজ করে যাচ্ছে। বর্তমানে অধিকাংশ ভূমিসেবা অনলাইনে প্রদান করা হলেও সাধারণ মানুষের জন্য সাশ্রয়ী ও হয়রানিমুক্তভাবে নির্দিষ্ট সার্ভিস চার্জের বিনিময়ে আবেদন দাখিলের কোনো সুসংহত আইনি কাঠামো না থাকায় অনেক ক্ষেত্রে নাগরিকগণ তৃতীয় পক্ষের মাধ্যমে সেবা নিতে গিয়ে হয়রানির শিকার হচ্ছেন। নাগরিকদের অনলাইনে আবেদনের সক্ষমতা এবং আবেদনের জটিলতা বিবেচনা করে পৃথিবীর বিভিন্ন উন্নত দেশের ন্যায় 'এজেন্সি সেবা'র আদলে ভূমি মন্ত্রণালয় একটি নিয়মতান্ত্রিক ব্যবস্থা প্রবর্তন করেছে। ডিজিটাল ভূমিসেবার সুবিধা তৃণমূল পর্যায়ের সাধারণ জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় "ভূমিসেবা সহায়তা নির্দেশিকা ২০২৫" প্রণয়ন করেছে।

২। কেন্দ্র স্থাপনের রূপরেখা:
নাগরিকদের সহজলভ্য ভূমিসেবা নিশ্চিত করতে দেশের প্রতিটি প্রশাসনিক ইউনিটে পর্যায়ক্রমে নিম্নোক্ত সংখ্যক 'ভূমিসেবা সহায়তা কেন্দ্র' স্থাপনের জন্য অনুরোধ করা হলো:
ক) সিটি কর্পোরেশন: প্রতিটি ওয়ার্ডে ন্যূনতম ১টি
খ) পৌরসভা: জনসংখ্যা ও ভৌগোলিক গুরুত্ব বিবেচনায় প্রয়োজনীয় সংখ্যক
গ) ইউনিয়ন পরিষদ: প্রতিটি ইউনিয়নে ন্যূনতম ১টি

৩। বিশেষ নির্দেশনা:
ক) সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়নে স্থান নির্বাচন এবং উদ্যোক্তা নির্ধারণের প্রক্রিয়া "ভূমিসেবা সহায়তা নির্দেশিকা ২০২৫" ও সংশ্লিষ্ট অন্যান্য নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, জামানতের টাকা কিস্তিতে নেয়া যাবে।
খ) নির্বাচিত উদ্যোক্তাদের প্রয়োজনীয় ওরিয়েন্টেশন বা প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
গ) এই কেন্দ্রগুলো যেন যথাযথভাবে কাজ করে সে বিষয়ে নিয়মিত তদারকি নিশ্চিত করতে হবে।

৪। এমতাবস্থায়, তৃণমূল পর্যায়ে ভূমি সেবাপ্রার্থীদের ভোগান্তি লাঘব এবং একটি জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা গড়ে তুলতে ভূমিসেবা সহায়তা কেন্দ্রের সংখ্যা বৃদ্ধিসহ অন্যান্য নির্দেশনা অবিলম্বে কার্যকর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭/০৪/২০২৬
সাদেকুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩০৫৭
ই-মেইল: lsdmc1@minland.gov.bd

জেলা প্রশাসক
................(সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। বিভাগীয় কমিশনার (সকল)
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।